



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর কার্যালয়
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



স্মারক নং- বিটিআরসি/ইএভও/কলসেন্টার(৫৪৭)/পার্ট-২/২০০৯-৪৪৪

তারিখঃ ৩১-০৩-২০১০

বিষয়ঃ Call Center লাইসেন্সধারীদের সহায়তা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিটিআরসি বিগত এপ্রিল, ২০০৮ হতে কলসেন্টার লাইসেন্স দেয়া শুরু করে। এ পর্যন্ত ৪৫০ টি প্রতিষ্ঠানকে উক্ত লাইসেন্স দেয়া হয়েছে এবং প্রায় ৫২ টি International Call Center তাদের কার্যক্রম চালাচ্ছে। International Call Center প্রতিষ্ঠানসমূহ বিদেশে Client'দের সেবা প্রদান করছে এবং বৈদেশিক মুদ্রা উপার্জন করছে। এছাড়াও প্রায় ১০ প্রতিষ্ঠান Domestic Call Center কার্যক্রম পরিচালনা করছে। বিটিআরসি কর্তৃক লাইসেন্স প্রাপ্ত এসব কলসেন্টারদের কার্যক্রম দিনে ও রাতে পরিচালিত হয়। এইসব কলসেন্টারে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র সহ অনেক মেয়ে কাজ করছে। তবে অনেক সময় বিশেষ করে রাতে কলসেন্টারে কর্মরত অপারেটর (Agents) দের যাতায়াত ও অন্যান্য সমস্যার সম্মুখীন হতে হয়। কলসেন্টার এ কর্মরত সবাইকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ID Card প্রদান করা হয়েছে। উল্লেখ্য বিটিআরসি'র Website: www.btrc.gov.bd তে সকল কলসেন্টার লাইসেন্সধারী প্রতিষ্ঠানের তালিকা রয়েছে।

এমতাবস্থায়, কলসেন্টারে কর্মরত অপারেটর (Agents) সহ সকলকে প্রয়োজনে সহায়তা করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ মেসবাহুজ্জামান)
উপ-পরিচালক

ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ

প্রাপকঃ

- ১। কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ২। কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
- ৩। কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪। কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি), বাংলাদেশ পুলিশ।
- ২। মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (RAB)।
- ৩। সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ কল সেন্টার এন্ড আউটসোর্সিং (BACCO)।